# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ আল-ফিকহুল আকবারের বঙ্গানুবাদ ও ব্যাখ্যা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ৬. ঈমান বিল কাদর: তাকদীরে বিশ্বাস

### ২. ৬. ১. তাকদীরে বিশ্বাসের প্রকৃতি

‘কাদ্র’ ও ‘কাদার’ (القَدْرُ والقَدَرُ) শব্দ পরিমাপ, পরিমাণ, মর্যাদা, শক্তি ইত্যাদি বুঝায়। তাকদীর অর্থ পরিমাপ করা, নির্ধারণ করা, সীমা নির্ণয় করা ইত্যাদি।[1] ‘ঈমান বিল কাদার’ (الإيمان بالقَدَر) অর্থ আল্লাহর অনাদি, অনন্ত ও সর্বব্যাপী জ্ঞান, তাঁর ইচ্ছা এবং তাঁর নির্ধারণ বা তাক্দীরে বিশ্বাস করা। এ বিশ্বের পরিচালনা ও নিয়ন্ত্রণে আল্লাহ প্রতিটি সৃষ্টির জন্য যে সুশৃঙ্খল নিয়ম, কার্যপ্রণালী বা ব্যবস্থা নির্ধারণ করে দিয়েছেন তাকেই তাক্দীর বলা হয়। আমরা বিশ্বাস করি যে, এ বিশ্বের ভাল মন্দ, আনন্দ বা কষ্টের যা কিছু ঘটে তা সবই আল্লাহর জ্ঞান ও ইচ্ছা অনুসারে। তাঁর জ্ঞান ও ইচ্ছার বাইরে কিছুই সংঘটিত হয় না। সবকিছুই আল্লাহ নির্ধারিত ‘পরিমাপ’ বা ‘ক্বাদার’-এর মধ্যে সৃষ্টি করেছেন। মহান আল্লাহ বলেন:

إِنَّا كُلَّ شَيْءٍ خَلَقْنَاهُ بِقَدَرٍ

“আমি প্রত্যেক কিছু সৃষ্টি করেছি নির্ধারিত পরিমাপে।”[2]

ইসলামী “ঈমান বিল কাদার” বা “তাকদীরে বিশ্বাস” বলতে নিম্নের ৫টি বিষয় বিশ্বাস করা বুঝায়:

(১) আল্লাহর অনাদি, অনন্ত ও সর্বব্যাপী জ্ঞানে বিশ্বাস

মুসলিম বিশ্বাস করেন যে, আল্লাহ সর্বজ্ঞ। কোনো সৃষ্টির জ্ঞানের সাথে আল্লাহর জ্ঞানের তুলনা হয় না। সৃষ্টির আগেই তিনি বিশ্বের সকল বিষয় কোথায় কিভাবে সংঘটিত হবে সবই জানেন। তাঁর জ্ঞানের কোনো পরিবর্তন নেই।

(২) আল্লাহর লিখনে বিশ্বাস

কুরআন-হাদীসের নির্দেশে মুসলিম বিশ্বাস করেন যে, আল্লাহ তাঁর অনাদি, অনন্ত, অসীম ও সর্বব্যাপী জ্ঞান ‘কিতাবে মুবীন’ (সুস্পষ্ট কিতাব) বা ‘লাওহে মাহফুজে’ (সংরক্ষিত পত্রে) লিখে রেখেছেন। লিখনের প্রকৃতি আমরা জানি না।

(৩) আল্লাহর ইচ্ছায় বিশ্বাস

কুরআন ও হাদীসের নির্দেশে আমরা বিশ্বাস করি যে, এ মহাবিশ্বে যা কিছু সংঘটিত হয় তা সবই আল্লাহর ইচ্ছায় ও তাঁর জ্ঞানে। তাঁর ইচ্ছা ও জ্ঞানের বাইরে এ মহাবিশ্বের কোথাও সামান্যতম কোনো ঘটনাও ঘটে না।

(৪) আল্লাহর সৃষ্টিতে বিশ্বাস

মুমিন বিশ্বাস করেন যে, বিশ্বের সবকিছুর স্রষ্টা আল্লাহ। তিনি ছাড়া সবই সৃষ্ট। মানুষের কর্মও আল্লাহ সৃষ্টি করেন।

(৫) মানুষের স্বাধীন ইচ্ছা ও কর্মফলে বিশ্বাস

মানুষের স্বাধীন ইচ্ছা, ইচ্ছাধীন কর্ম ও কর্মফলের বিশ্বাসের উপরেই ইসলামের সকল বিধি-বিধানের ভিত্তি। মানুষ তার স্বাধীন ইচ্ছায় যে কর্ম করে সে শুধু তারই প্রতিফল লাভ করে। কুরআন ও হাদীসের আলোকে মুমিন বিশ্বাস করেন যে, মানুষকে আল্লাহ বিবেক, বিচার শক্তি ও জ্ঞান দান করেছেন। মানুষ তার নিজ ইচ্ছায় কর্ম করে। তবে তার কর্ম আল্লাহর জ্ঞান ও ইচ্ছা অনুসারে সংঘটিত হয়। কুরআনে মহান আল্লাহ জানিয়েছেন যে, তিনি মানুষকে তার স্বাধীন ইচ্ছা, বিবেক ও বিচারবুদ্ধি দিয়ে সৃষ্টি করেছেন। কাজেই সে তার বিচারবুদ্ধি দিয়ে যে কর্ম করবে তার ফল ভোগ করবে।

উপরের ৫টি বিষয়ই কুরআন ও হাদীসে বিস্তারিত আলোচনা করা হয়েছে। ইমাম আবূ হানীফা (রাহ) তাকদীরে বিশ্বাসের বিভিন্ন দিক এ গ্রন্থে কয়েক স্থানে আলোচনা করেছেন। প্রসঙ্গত আমরা তা ব্যাখ্যা করব ইনশা আল্লাহ।[3]

## ফুটনোট

[1] ইবনু ফারিস, মু'জামু মাকায়িসিল লুগাহ ৫/৬২।

[2] সূরা (৫৪) কামার: ৪৯ আয়াত।

[3] তাকদীর বিষয়ক আলোচনা দেখুন: কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা, পৃ.৩৪০-৩৪৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7105

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন